দৈনিক খবর

তারিখ ... 15 JUL 1991
পৃষ্ঠা ... ... কলাম ... LS

266

শিবির সমর্থক জোট ডেকেছে অর্ধদিবস

# চট্টগ্রামে আজ সকাল-সন্ধ্যা হরতাল ডেকেছে ছাত্র ঐক্য

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৪ই জুলাই।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রসঙ্গ নিয়ে চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য আগামীকাল সোমবার চট্টগ্রামে সকাল–সন্ধ্যা হরতাল আহবান করেছে। অপরদিকে ছাত্র শিবির সমর্থিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংগ্রামী ছাত্র ঐক্য কাল আধাবেলা হরতাল ডেকেছে। এরশাদ সরকার পতনের পর এখানে এটাই প্রথম হরতাল কর্মসূচী।

চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য হরতাল ডেকেছে বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্যকে অপসারণের প্রচেষ্টার প্রতিবাদে এবং গত ২২শে ডিসেম্বরের ঘটনার সাথে জড়িতদের বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কার ও গ্রেফতারের দাবীতে। কর্মসূচীর সমর্থনে আজ দোত্ত বিল্ডিং চত্বরে ছাত্র গণজমায়েত অনুষ্ঠিত হয়। জাতীয় ছাত্রলীগের মোকাদ্দেস আলী মজুমদার সভাপতিত্ব করেন এবং চাকসু ভিপি নাজিমউদ্দিন, ছাত্রনেতা মঞ্জুরুল আলম মঞ্জু, মনজুর আলম শাহীন, ফখরুল ইসলাম, মাহবুবুর রহমান, শংকর দাশ, জামিলা আখতার ও মতিউর রহমান বক্তৃতা করেন। তারা বলেন, বর্তমান ভিসিকে অপসারণের যে কোন প্রচেষ্টা ছাত্র সমাজ প্রতিরোধ করতে

১ম কলামে

## চট্টগ্রামে আজ সকাল–সন্ধ্যা

প্রথম পৃষ্ঠার পর

দৃঢ়প্রতিজ্ঞ। '৭৩–এর অধ্যাদেশ লংঘন করার অপপ্রয়াস চালালে সরকারকে তার খেসারত দিতে হবে। তারা বলেন, ২২শে ডিসেম্বরের ঘটনার আসামী সন্ত্রাসীদের গ্রেফতার না করে বিশ্ববিদ্যালয় পরিস্থিতিকে সংকটময় করে তোলা হয়েছে। জমায়েতে বিশ্ববিদ্যালয় তদন্ত কমিশন রিপোর্ট বাতিলের আহবান জানানো হয়। পরে একটি মিছিল নগরীর বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে।

ছাত্র শিবির সমর্থিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংগ্রামী ছাত্র ঐক্য বর্তমান ভিসি'র অপসারণ এবং তদন্ত কমিশন রিপোর্টের সুপারিশমালা বাস্তবায়নের দাবীতে আগামীকাল আধাবেলা হরতাল আহবান করেছে। ছাত্র ঐক্য আজ বিকেলে আন্দরকিল্লায় সমাবেশ ও বিক্ষোভ মিছিল করেছে। সমাবেশে সভাপতিত্ব করেন মোহাম্মদ নাছিরউল্লাহ। ইসলামী ছাত্র শিবির আগামীকালের আধাবেলা কর্মসূচীর প্রতি সমর্থন জানিয়েছে। শিবিরের বিশ্ববিদ্যালয় শাখার আজ এক জরুরী সভায় বিশ্ববিদ্যালয় খোলার পূর্বে বর্তমান ভিসিকে অপসারণের দাবী জানানো হয়।

চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্যের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামীকাল বেলা ১২টা পর রিক্সা ও ঠেলাগাড়ী হরতালের আওতামুক্ত থাকবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আগামী ১৬ই জুলাই খুলছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এ উপলক্ষে বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছে। রেজিষ্ট্রার জানিয়েছেন, ছাত্র-ছাত্রীদের সার্বক্ষণিকভাবে পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে এবং কেবল তা দেখিয়ে আবাসিক ছাত্র–ছাত্রীদের হলে প্রবেশ করতে হবে। প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তিচ্ছুদের প্রবেশপত্র নিয়ে ক্যাম্পাসে ঢুকতে হবে। সকাল ৮টা থেকে রাত ৯টার মধ্যে ছাত্র–ছাত্রীদের হলে প্রবেশ করতে হবে। ভিসি'র সভাপতিত্বে রেজিষ্ট্রার, প্রভোস্ট, প্রোক্টর ও ডেপুটি রেজিষ্ট্রার (নিরাপত্তা)–এর এক সভায় ক্যাম্পাসে শান্তি–শৃংখলা ও সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে কর্তৃপক্ষকে সার্বিক সহযোগিতার জন্যে ছাত্র–ছাত্রীদের প্রতি আবেদন জানানো হয়েছে।